

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস বন্ড কমিশনারেট  
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।  
[www.cbc.gov.bd](http://www.cbc.gov.bd)

জরুরী

নথি নং- ৫(১৩)২৯/কাস-বন্ড/কাস্টমস/২০০৩/ ১৩৩৭

তারিখ: /০৯/২০১৯ খ্রিস্টাব্দ

প্রাপকঃ সিনিয়র সচিব  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

প্রেরকঃ কমিশনার  
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

দৃঃ আঃ সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : বন্ড সুবিধায় অপব্যবহার রোধকল্পে ASYCUDA World (AW) System এর মাধ্যমে রপ্তানি নিশ্চিতকরণ প্রসঙ্গে।

মহোদয়

দেশের রপ্তানি বানিজ্য ত্বরান্বিত এবং সচল রাখার স্বার্থে রপ্তানির ক্ষেত্রে বন্ডে ওয়্যারহাউজ ব্যবস্থাপনায় ১০০% শুল্ক-মুক্ত আমদানি সুবিধা প্রদান করা হয়ে থাকে। জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে কাস্টমস বন্ড কমিশনারেটসমূহ দেশের এই গুরুত্বপূর্ণ খাত পরিচালনা করে থাকে। অর্থনৈতিক উন্নয়নে রপ্তানির স্বার্থে দ্রুত সেবা প্রদান যেমন জরুরী, তেমনি শুদ্ধ মুক্ত সুবিধার অপপ্রয়োগ যাতে না ঘটে সেদিকে লক্ষ্য রাখা তথা রপ্তানি নিশ্চিত করাও একান্ত অপরিহার্য। বর্তমানে রপ্তানি নিশ্চিত হওয়ার জন্য ASYCUDA World (AW) সিস্টেমে ডাটাবেজ এবং Bill of Export এ কোন ফিল্ড/কলাম নেই। গত ২৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে বন্ড সুবিধার অপব্যবহার সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের রপ্তানি নিশ্চিত করার লক্ষ্যকে সামনে রেখে প্রস্তাবনাসমূহ নিম্নে পেশ করা হলো:

কাস্টম হাউস এবং প্রায় সকল শুল্ক স্টেশনগুলোতে ASYCUDA World (AW) এর মাধ্যমে আমদানি এবং রপ্তানি কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। রপ্তানির ক্ষেত্রে নিম্নবর্ণিত কার্যক্রম/সীমাবদ্ধতা পরিলক্ষিত হয়:

১. Bill of Export এ EGM (Export General Manifest) এবং Bill of Lading তথ্য AW সিস্টেমে ধারণ করা হয় না।
২. অনেক সময় রপ্তানি পণ্যের উপস্থিতি এবং পরীক্ষণ ব্যতিরেকে শুধুমাত্র দলিলাদির ভিত্তিতে Assessment সম্পন্ন করা হয়।
৩. রপ্তানি পণ্য জাহাজীকরণের পূর্বে Assessment এবং Payment সম্পন্ন করতে হয়।
৪. Assessment/Payment সম্পন্ন হলে ডাটাবেজে স্বয়ংক্রিয়ভাবে Receipt No. এবং Receipt Date সংরক্ষিত হয় এবং বর্তমানে Receipt Date এর ভিত্তিতেই রপ্তানি তথ্য সরবরাহ করা হয় এবং সেই তথ্যের ভিত্তিতে অনেক সময় রপ্তানি নিশ্চিত করা হয়। অথচ পণ্যটি হয়ত তখনও জাহাজীকরণ করা হয় নাই বা নাও হতে পারে। এ সকল কারণে রপ্তানি নিশ্চিত হওয়ার জন্য Bill of Export এর উপর সব সমুদয় নির্ভর করা হয় না এবং রপ্তানি ফাঁকি দেয়ার প্রবণতা থাকে।
৫. বর্তমানে আমদানি (IM-7) এর ক্ষেত্রে Bond License Number (Computerized License Number যা মূল লাইসেন্স নম্বর ও তারিখের ভিত্তিতে হয়ে থাকে) Mandatory করা হয়েছে কিন্তু রপ্তানির ক্ষেত্রে করা হয়নি। ফলে সামগ্রিকভাবে কোন সেক্টর/সময়ের বন্ড সুবিধায় আমদানির তথ্য পাওয়া গেলেও বন্ডে প্রতিক্রিয়াসমূহের মাধ্যমে সামগ্রিক রপ্তানির তথ্য পাওয়া যাচ্ছে না ফলে কি পরিমাণ পণ্য বন্ড সুবিধায়

রপ্তানি হলো এবং কি পরিমাণ পণ্য বন্ড সুবিধার বাইরে অন্যভাবে রপ্তানি হলো তা Differentiate করা যাচ্ছে না।

আলোচ্য সমস্যাসমূহ সমাধানে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদানের অনুরোধ জানানো হলোঃ

১. AW সিস্টেমে Bill of Export এ অবশ্যই EGM এবং Bill of Lading এর তথ্য ধারণ করা প্রয়োজন।
২. রপ্তানি পণ্যের উপস্থিতি এবং পরীক্ষন ব্যতিরেকে শুধুমাত্র দলিলাদির ভিত্তিতে Assessment সম্পন্ন করা সমীচীন নয়।
৩. AW সিস্টেমে ডাটাবেজ এবং Bill of Export এ অবশ্যই রপ্তানি নিশ্চিতকরণ ফিল্ড/কলাম যেমন Shipment Date এবং Export Status সংযুক্ত করতে হবে যার ভিত্তিতে রপ্তানি তথ্য সরবরাহ করা হবে এবং তখনই রপ্তানি নিশ্চিত করা সম্ভব হবে।
৪. যেহেতু রপ্তানি পণ্য জাহাজীকরণ না হওয়া পর্যন্ত রপ্তানী নিশ্চিত হওয়া সম্ভব নয় সেহেতু রপ্তানী পণ্য জাহাজীকরণের পরে সংশ্লিষ্ট গুরু কর্মকর্তা AW সিস্টেমে Bill of Export এর সংশ্লিষ্ট কলামে এন্ট্রির মাধ্যমে এক্সপোর্ট এর বিষয়টি নিশ্চিত করবেন।
৫. বন্ডের মাধ্যমে রপ্তানির ক্ষেত্রেও বন্ডের মাধ্যমে আমাদানির (IM-7) ন্যায় Bond License Number Mandatory করা প্রয়োজন।

উল্লিখিত প্রস্তাবসমূহ বাস্তবায়ন করা হলে ASYCUDA world থেকেই রপ্তানি নিশ্চিত হওয়া সম্ভব হবে। সেক্ষেত্রে নিরীক্ষাসহ অন্যান্য কাজে শুধুমাত্র পিআরসি বা অন্য কোন মাধ্যমের উপর নির্ভরশীলতা কমে আসবে এবং বন্ড কমিশনারেট এর কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধিসহ Trade Facilitation সহজতর হবে।

৩৪

[ এস এম হুমায়ুন কবীর ]  
কমিশনার

ফোনঃ ৯৩৪৭০০০

ই-মেইল: [bondcomdhk@gmail.com](mailto:bondcomdhk@gmail.com)

নথি নং- ৫(১৩)২৯/কাস-বন্ড/কাস্টমস/২০০৩/ ১০৬০৭ < >

তারিখঃ ১০/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সদস্য (গুরুঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সদস্য (গুরুঃ নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
- ৪। প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
- ৫। অফিস কপি।

৩০/০৭/১৩

[ কাঞ্চন রানী দত্ত ]  
উপ-কমিশনার

১০